দৈনিক খবর

তারিখ 06 AUG 1989
পৃষ্ঠা 1 কলাম 1

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩৬

120

উপাচার্যদের নিয়মিত বৈঠকে রাষ্ট্রপতি

# উচ্চ শিক্ষার মানোন্নয়নে সরকার দৃঢ় প্রতিজ্ঞ

রাষ্ট্রপতি এরশাদ গতকাল শনিবার উচ্চ শিক্ষাকে দেশ ও সমাজের উপযোগী করে তোলার লক্ষ্যে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন।

বাসস জানায়, রাষ্ট্রপতি ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কমিটি কক্ষে উপাচার্যদের নিয়মিত মাসিক বৈঠকে উদ্বোধনী ভাষণ দিচ্ছিলেন। তিনি বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলরও।

রাষ্ট্রপতি এরশাদ বলেন, উচ্চ শিক্ষার মান উন্নয়নে সরকার দৃঢ় প্রতিজ্ঞ এবং এ লক্ষ্য অর্জনে সরকারী নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি তিনি আহবান জানান। এ বৈঠকে উপাচার্যদের আগের বৈঠকে গৃহীত সিদ্ধান্তাবলী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। বৈঠকে অবহিত করা হয় যে, চিকিৎসা মহাবিদ্যালয়গুলোর পাঠ্যসূচী ও পাঠ্যক্রম সময়োপযোগী করার পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে পরামর্শদানের জন্য জাতীয় অধ্যাপক নূরুল ইসলামকে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে।

বৈঠকে আরো অবহিত করা হয় যে, দেশের চাহিদা মোতাবেক কৃষি শিক্ষাকে অধিক উপযোগী করে গড়ে তোলার জন্য কৃষি বিশ্ববিদ্যালয়ের কোর্সসমূহের পাঠ্যসূচী পর্যালোচনা ও সময়োপযোগী করার লক্ষ্যে সাবেক মন্ত্রী মাহবুবুজ্জামানকে আহবায়ক করে অপর একটি কমিটি গঠন করা হয়েছে। বৈঠকে বিভিন্ন সরকারী পরীক্ষায় অসদুপায় অবলম্বন প্রতিরোধে সরকার গৃহীত পদক্ষেপসমূহের প্রশংসা করা হয় এবং

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## উচ্চ শিক্ষার

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষা মন্ত্রণালয়কে তাদের প্রয়াস অব্যাহত রাখার জন্য বলা হয়।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয় যে, ডিগ্রী পরীক্ষা ও পরীক্ষা কেন্দ্রগুলোতে অসদুপায় অবলম্বনের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং জেলা সদরে নিয়ে আসার লক্ষ্যে বর্তমান পরীক্ষা কেন্দ্রগুলো পর্যায়ক্রমে কমিয়ে আনতে হবে। এছাড়া আরো সিদ্ধান্ত নেয়া হয় যে, যেখানে উচ্চ মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র বহাল নেই সেখানে ডিগ্রী পরীক্ষা কেন্দ্রের অনুমতি দেয়া হবে না।

সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ ছাড়াও শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, জাতীয় অধ্যাপক ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান সৈয়দ আলী আহসান, রাষ্ট্রপতির মুখ্য সচিব এ এইচ সাদেক এবং শিক্ষা সচিব হেদায়েত আহমেদ এ বৈঠকে উপস্থিত ছিলেন।